**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 7/12/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল তীব্র আবহাওয়া ও ঘটনাগুলোর পরে নিউ ইয়র্কবাসীগণকে সচেতন হওয়ার জন্য অবগত করেন

## *ভোক্তাদের সুরক্ষার জন্য ক্ষতিগ্রস্ত এলাকাগুলোতে মূল্য বৃদ্ধি আইন চালু করা হয়েছে*

## *অভিযোগ দায়ের করতে সহায়তা করার জন্য নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব কনজিউমার প্রটেকশন*

অন্টারিও কাউন্টির মিড-হাডসন অঞ্চল ও ক্যানানদেইগুয়া অঞ্চলে তীব্র আবহাওয়ার পরিস্থিতির পরে আইটেমগুলোর সম্ভাব্য মূল্য বৃদ্ধির বিষয়ে গভর্নর ক্যাথি হোকল নিউ ইয়র্কবাসীগণকে সচেতন হওয়ার জন্য অবগত করেছেন। 10 জুলাই 2023 তারিখে গভর্নর ক্যাথি হোকল একাধিক কাউন্টির জন্য জরুরি অবস্থা ঘোষণা করেন কারণ ভারী বৃষ্টিপাতের ফলে উল্লেখযোগ্য বন্যায় অসংখ্য রাস্তা বন্ধ ও ঝড় সম্পর্কিত অন্যান্য প্রভাব দেখা দেয়। জরুরি অবস্থা ঘোষণার ফলে নিউ ইয়র্ক স্টেটে মূল্য বৃদ্ধি আইন চালু হয় যার কারণে ক্ষতিগ্রস্থ এলাকায় ভোক্তাদের কাছে অসংযতভাবে অতিরিক্ত দামে পণ্য অথবা পরিষেবা বিক্রি নিষিদ্ধ করা হয়।

"খুচরা বিক্রতাদের জন্য দাম বাড়ানো অযৌক্তিক কারণ নিউ ইয়র্কবাসীগণ স্টেট জুড়ে ভয়াবহ আবহাওয়ার বিধ্বংসী প্রভাবের মধ্যে রয়েছে," **গভর্নর হোকল বলেন।** "যেহেতু কমিউনিটিগুলো ব্যাপক বন্যা থেকে পুনরুদ্ধার অব্যাহত রেখেছে, তাই আমি সকল নিউ ইয়র্কবাসীগণকে সম্ভাব্য স্ক্যামারদের ব্যাপারে সজাগ ও সচেতন থাকার আহ্বান জানাচ্ছি। যারা প্রয়োজনের সময় ভোক্তাদের সুবিধা নিতে চায় সে সকল খারাপ কর্মীদের জবাবদিহি করার জন্য আমরা আমাদের সাধ্য মত সবকিছু চালিয়ে যাব।"

**নিউ ইয়র্ক স্টেট সেক্রেটারি অব স্টেট রবার্ট জে রড্রিগেজ বলেন,** "ভারী বৃষ্টিপাত ও ভয়াবহ বন্যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে কমিউনিটিগুলির উপর ব্যাপক ক্ষতি করেছে। যেহেতু এই আক্রান্ত এলাকাগুলোতে নিউ ইয়র্কবাসীগণ চরম আবহাওয়ার প্রভাব থেকে রক্ষা পেতে শুরু করেছে, পণ্য ও পরিষেবার জন্য অত্যধিক অথবা অযৌক্তিকভাবে অতিরিক্ত মূল্য আদায়কারী কোন ব্যবসা প্রতিষ্ঠানের সন্ধানে থাকা এবং অবিলম্বে তাদের রিপোর্ট করা গুরুত্বপূর্ণ।"

গভর্নরের জরুরি অবস্থা ঘোষণার আওতাধীন এলাকায় একজন ব্যবসায়ী "মূল্য বৃদ্ধি" হতে পারে যখন ভোক্তা ও সাধারণ জনগণের স্বাস্থ্য, সুরক্ষা ও কল্যাণের জন্য অপরিহার্য এবং প্রয়োজনীয়

পণ্য ও পরিষেবাদির বাজারে অস্বাভাবিক বিঘ্নের সময় ব্যবসায়ী যথেষ্ট পরিমাণে মূল্য বৃদ্ধি করে "অযোক্তিকভাবে অত্যধিক দাম আদায় করে"।
একজন ব্যবসায়ী ক্ষতিগ্রস্ত এলাকায় "অয়োক্তিকভাবে অতিরিক্ত মূল্য" চার্জ করতে পারে না:

- ব্যক্তিগত, পারিবারিক বা গৃহস্থালির উদ্দেশ্য প্রাথমিকভাবে ব্যবহৃত পণ্য ও পরিষেবাসমসূহ
- যেকোনো অসুস্থতা বা রোগের যত্ন, নিরাময় প্রশমন, চিকিৎসা বা প্রতিরোধের জন্য ব্যবহৃত প্রয়োজনীয় চিকৎসা সরবরাহ ও পরিষেবা; অথবা
- জনসাধারণের স্বাস্থ্য বা কল্যাণ প্রচারের জন্য ব্যবহৃত অন্যান্য প্রয়োজনীয় পণ্য ও পরিষেবাসমূহ।

বাজারে একটি অস্বাভাবিক বিঘ্ন হল আবহাওয়ার চাপ, প্রকৃতির আক্রমণ, বিদ্যুৎ ব্যবস্থা অথবা বিদ্যুৎ এর অন্যান্য উৎসের ঘাটতি বা বাজারের অস্বাভাবিক বিঘ্নের অন্যান্য কারণসহ বেশ কয়েকটি আইনগতভাবে স্বীকৃত ঘটনাগুলির মধ্যে যেকোনো একটির কারণে বাজারে একটি প্রকৃত বা আসন্ন হুমকির পরিবর্তন যার কারণে গভর্নর কর্তৃক জরুরি অবস্থা ঘোষণা করা হয়। সাধারণত, আদালত কর্তৃক একটি "অযৌক্তিতভাবে অত্যধিক মূল্য" যখন পাওয়া যেতে পারে।

1. বাজারের অস্বাভাবিক বিঘ্নের সময় বিক্রেতা কর্তৃক চার্জ করা মূল্য ও একই বিক্রেতা কর্তৃক চরম আবহাওয়ার ঘটনা শুরু হওয়ার ঠিক আগে চার্জ করা মূল্যের মধ্যে একটি গুরুতর বৈষম্য রয়েছে; অথবা
2. চরম আবহাওয়ার মুহূর্তের সময় একজন বিক্রেতা কর্তৃক চার্জ করা মূল্য অন্যান্য ভোক্তাদের মাধ্যমে প্রভাবিত এলাকায় সহজেই পাওয়া যায় এমন একই অথবা অনুরূপ পণ্য ও পরিষেবাসমূহের মূল্যকে ছাড়িয়ে যায়।

## মূল্য বৃদ্ধির ব্যাপারে ভোক্তাদের প্রতিক্রিয়া

যেকোনো নিউ ইয়র্কবাসী যদি তীব্র আবহাওয়ার ঘটনাগুলো প্রতিরোধ বা প্রতিক্রিয়া জানাতে প্রাথমিকভাবে ব্যক্তিগত, পারিবারিক বা গৃহস্থালি উদ্দেশ্য ব্যবহৃত অতিরিক্ত মূল্যের ভোক্তা পণ্য ও পরিষেবা দেখেন তাহলে নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব কনজিউমার প্রোটেকশন (Division of Consumer Protection, DCP) এর কাছে 800-697-1220 এই নম্বরে DCP কনজিউমার হেল্পলাইনে কল করে অথবা এই www.dos.ny.gov/consumerprotection DCP ওয়েবসাইটে গিয়ে অভিযোগ দায়ের করতে হবে। নিউ ইয়ক স্টেটে ব্যবসা করা বিক্রেতা, খুচরা বিক্রেতা ও সরবরাহকারীদের বিরুদ্ধে অভিযোগ দায়ের করা যেতে পারে

রিপোর্ট করার সময়, ব্যবসায়ীর অবস্থান এবং রসিদ বা ছবির মতো অতিরিক্ত মূল্যের(মূল্যগুলির) যেকোনও উপলভ্য প্রমাণ অন্তর্ভুক্ত করতে অভিযোগকারী দাম প্রতারণার বিস্তারিত দিতে প্রস্তুত থাকুন।

DCP ভোক্তা সহায়তা ইউনিট (Consumer Assistance Unit) অভিযোগটি পর্যালোচনা করবে এবং উপযুক্ত হল ভোক্তার তরফ থেকে স্বেচ্ছায় মধ্যস্থতার চেষ্টা করবে অথবা শাস্তিমূলক ব্যবস্থা নিতে অভিযোগটি অ্যাটর্নি জেনারেলের অফিসে রেফার করবে। যেকোনো পরিস্থিতিতেই,

ভোক্তা সহায়তা ইউনিট ভোক্তাকে তাদের তরফ থেকে গ্রহণ করা সমস্ত পদক্ষেপ সম্বন্ধে জানাবে। আবহাওয়া পরিস্থিতির সময় মূল্য বৃদ্ধি সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যাবে।

## নিউ ইয়র্ক স্টেট ভোক্তা সুরক্ষা বিভাগ সম্পর্কে

নিউ ইয়র্ক স্টেট ভোক্তা সুরক্ষা বিভাগ ভোক্তাদের পণ্যের সুরক্ষা সংস্থান ও শিক্ষা উপাদান প্রদান করে, একইসাথে ভোক্তা ও ব্যবসায়ের মধ্যে স্বেচ্ছাসেবী মধ্যস্থতা সেবা প্রদান করে। ভোক্তা সহায়তা হেল্পলাইন (Consumer Assistance Helpline) 1-800-697-1220, স্টেট ছুটির দিন ব্যতীত সোমবার থেকে শুক্রবার, সকাল 8:30 থেকে বিকাল 4:30 পর্যন্ত উপলভ্য থাকবে, এবং www.dos.ny.gov/consumer-protection এ যেকোনো সময় ভোক্তা অভিযোগ দায়ের করা যাবে।

ভোক্তা সুরক্ষা সংক্রান্ত আরো পরামর্শের জন্য এই বিভাগকে সামাজিক যোগাযোগ মাধ্যমে অনুসরণ করুন টুইটারে (Twitter): @NYSConsumer এবং ফেসবুকে (Facebook): www.facebook.com/nysconsumer.

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন